

মাদারীপুর জেলায় সেপ্টেম্বর ২০২৬ মাসে অনুষ্ঠিত "জেলা আইন-শৃঙ্খলা কমিটির" সভার কার্যবিবরণী

সভাপতি : মর্জিনা আক্তার, জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর
সভার তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০২৬
সভার সময় : সকাল ১০:০০ টা
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
সভার উপস্থিতি : (পরিশিষ্ট ক দ্রষ্টব্য)

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	মাদারীপুর জেলার অপরাধ চিত্রের তুলনা-মূলক বিবরণী	(১) মাদারীপুর জেলায় আগস্ট, ২০২৬ মাসে ডাকাতি, দস্যুতা, সিধেল চুরি, অন্যান্য চুরি, গাড়ি চুরি, গরু চুরি, খুন, অপহরণ, দাঙ্গা, অস্ত্র আইন, মাদকদ্রব্য, নারী ও শিশু নির্যাতন, এসিড, দ্রুত বিচার, চোরালান এবং অন্যান্য প্রকৃতির মোট ২৬৯ টি মামলা দায়ের করা হয়। মাদারীপুর জেলায় জুলাই, ২০২৬ মাসে মোট ২৩৪ টি মামলা দায়ের করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, জুলাই ২০২৬ মাসের তুলনায় আগস্ট ২০২৬ মাসে ৩৫ টি মামলা বৃদ্ধি পেয়েছে। (২) অত্র জেলায় সংঘটিত অপরাধসমূহ হ্রাসকরণসহ মামলার সংখ্যা হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।	অত্র জেলাধীন বিভিন্ন এলাকায় চুরি, দস্যুতা, খুন, নারী ও শিশু নির্যাতন এবং মাদকসহ বিভিন্ন ধরনের অপরাধ প্রবণতা অধিকতর বিশ্লেষণ করতে এবং হ্রাস করতে কঠোর নজরদারী বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর
২.	গ্রাম আদালত সংক্রান্ত তথ্য	(১) সভায় জানানো হয়, মাদারীপুর জেলার ০৫ টি উপজেলায় গ্রাম আদালতে জুলাই ২০২৬ মাসের জের ১৭ টি, আগস্ট ২০২৬ মাসে দায়ের ১৩৭ টি, সর্বমোট মামলা সংখ্যা ১৫৪ টি। তন্মধ্যে আগস্ট ২০২৬ মাসে ১৩৯ টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে ১৫ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। জুলাই ২০২৬ মাসে ১৭৮ টি এবং আগস্ট ২০২৬ মাসে ১৬৩ টি মামলা গ্রাম আদালতে দায়ের হয়েছে। জুলাই ২০২৬ মাসের তুলনায় আগস্ট ২০২৬ মাসে গ্রাম আদালতে মামলা দায়ের হ্রাস পেয়েছে। তবে আগস্ট ২০২৬ মাসের মামলা নিষ্পত্তির হার ৯০.২৫ শতাংশ এবং জুলাই ২০২৬ মাসের মামলা নিষ্পত্তির হার ৯০.২২ শতাংশ। আগত মাসের তুলনায় বিবেচ্য মাসে নিষ্পত্তির হার কিছুটা বৃদ্ধি পেয়েছে। (২) গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ মামলা গ্রহণ এবং নিষ্পত্তির হার আরো বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ প্রতি মাসে গড়ে ০৫ টি মামলা গ্রহণ এবং নিষ্পত্তির হার আরো বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপপরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারীপুর
৩.	কিশোর গ্যাং ও সন্ত্রাস বিরোধী প্রচার প্রচারণা এবং জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত	কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে নিয়মিত অভিভাবক সমাবেশ এবং উঠান বৈঠক আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	(১) কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অভিভাবক সমাবেশ আয়োজন অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি) মাদারীপুর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৩। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর

ক্র.সং.	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
			(২) সকল মসজিদে জুমার খুতবার মাধ্যমে কিশোর গ্যাং ও সন্ত্রাস বিরোধী প্রচারণা বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর ৫। জেলা তথ্য অফিসার, মাদারীপুর
৪.	সড়কে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ সংক্রান্ত।	সভায় জানানো হয় যে, ডাইভিং লাইসেন্স, হেলমেট ও রেজিস্ট্রেশনবিহীন মোটরসাইকেল চলাচল বন্ধে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। আগস্ট ২০২৬ মাসে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে ০৩ টি মোবাইল কোর্ট এর মাধ্যমে ১৯ টি মামলায় =১৬,৭০০/- (ষোল হাজার সাতশত) টাকা জরিমানা আদায় করা হয়েছে। এ ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	সড়কে নিরাপদ যানবাহন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে অধিক সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনা আরও বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। সহকারী পরিচালক, বিআরটিএ, মাদারীপুর ৫। সভাপতি, বাস মালিক সমিতি, মাদারীপুর
৫.	মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত।	সভায় জানানো হয় যে, আগস্ট ২০২৬ মাসে মাদারীপুর জেলার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক সর্বমোট ৫৬ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ১২৩ টি মামলায় ১২,০৫,৭০০/- (বার লক্ষ পাঁচ হাজার সাতশত) টাকা অর্থদণ্ড এবং ৩৪ (চৌত্রিশ) জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়।	সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), মাদারীপুর ৫। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), মাদারীপুর ৬। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর
৬.	বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত আলোচনা।	অত্র জেলাধীন সকল উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির মাধ্যমে ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা যাবে মর্মে সভায় অবহিত করা হয়। এক উপজেলার অপ্রাপ্ত বয়স্ক ছেলে-মেয়ে যাতে অন্য উপজেলার নিকাহ রেজিস্ট্রারের মাধ্যমে বিবাহ কার্যক্রম সম্পন্ন করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়।	(১) সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (২) বাল্যবিবাহ রোধে ইমাম, পুরোহিত ও নিকাহ রেজিস্ট্রারদের মধ্যে জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর ৫। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর
৭.	নৌ পুলিশের কার্যক্রম সংক্রান্ত।	নৌ পুলিশ, মাদারীপুর এর প্রতিনিধি জানান, সীমিত জনবল ও প্রয়োজনীয় সরঞ্জামাদি সংকটসহ স্পিডবোট না থাকার কারণে কার্যকরভাবে দায়িত্ব পালন সম্ভব হচ্ছে না। এছাড়াও জলদস্যুতা, অবৈধ বালু উত্তোলন প্রতিরোধসহ মা ইলিশ সংরক্ষণ এবং কাজের গতি বেগবান করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক জনবল, স্পিডবোট ও আধুনিক সরঞ্জামাদি ব্যবস্থা করা জরুরী প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।	জলদস্যুতা প্রতিরোধ, অবৈধ বালু উত্তোলন প্রতিরোধসহ মা ইলিশ সংরক্ষণ এবং কাজের গতি বেগবান করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক জনবল, স্পিডবোট ও আধুনিক সরঞ্জামাদির চাহিদা নিরূপণপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবচর থানা, মাদারীপুর ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবচর নৌ ফাঁড়ি, মাদারীপুর
৮.	জেলা আইন-শৃঙ্খলা পরিদপ্তর সংক্রান্ত।	(১) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর বলেন, বর্তমানে জুতার আঠা ও গাম ব্যবহার করে নেশা করা মাদকসেবীদের মধ্যে বৃদ্ধি পেয়েছে। এটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তে মাদকদ্রব্য হিসেবে অন্তর্ভুক্ত না হলেও এ বিষয়ে আমাদের অভিযান ও কঠোর নজরদারী চলমান আছে। এছাড়াও তিনি বলেন, কালকিনি, রাইজের, শিবচর, ডাসার ও সদর এর বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা চলমান আছে। তিনি আরোও	(১) মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত রাখা এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে জনসচেতনতামূলক কার্যক্রম, লিফলেট বিতরণ কার্যক্রম বৃদ্ধির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। সিভিল সার্জন, মাদারীপুর ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৫। প্রশাসক, পৌরসভা (সকল) মাদারীপুর

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		বলেন, মাদকের স্পটগুলো চিহ্নিত করে উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে নিয়মিত মোবাইল কোর্ট বা অভিযান পরিচালনা করা হলে মাদকের প্রকোপ হ্রাস পাবে। (২) জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর বলেন, আগস্ট ২০২৬ মাসে শিবচর ও সদর উপজেলায় আনুমানিক ২,৮৩,০০০ ফুট চায়না দুয়ারি ও কারেন্ট জাল বিনষ্ট করা হয়েছে এবং নিয়মিত মামলা দায়ের হচ্ছে। দেশীয় মৎস্য রক্ষায় মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ ও অন্যান্য সংশ্লিষ্ট আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার করার জন্য সভায় অভিমত ব্যক্ত করেন। এছাড়াও দেশীয় প্রজাতির মৎস্য রক্ষায় জেলা ও উপজেলা কর্তৃক কঠোর নজরদারী, নিয়মিত অভিযান এবং টহল কার্যক্রম অব্যাহত আছে। (৩) সিভিল সার্জন, মাদারীপুর বলেন, ১০০ শয্যা হাসপাতালের জনবল দিয়ে ২৫০ শয্যা হাসপাতালের সেবা প্রদান খুবই কষ্টসাধ্য হয়ে পড়েছে। জনবল সংকট থাকায় রোগীদের শতভাগ সেবা নিশ্চিত করা দূর হয়ে পড়েছে। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য ও জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও জেলা সদর হাসপাতালের লোডশেডিং দূরীকরণের জন্য বিদ্যুৎ এর ডাবল ফেজ চালু করা অথবা উক্ত হাসপাতালকে লোডশেডিং এর আওতাভুক্ত রাখার ব্যাপারে জেলা প্রশাসনের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। বর্তমানে ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পেয়েছে মর্মে সভায় অবহিত করেন এবং এ বিষয়ে সকলকে সচেতন থাকার আহবান জানান। (৪) নির্বাহী প্রকৌশলী, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী (ওজোপাডিকো), মাদারীপুর মাঠপর্যায়ে কর্মরত বিদ্যুৎ বিভাগের কর্মচারীগণের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জেলা প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও বিদ্যুৎতের অপব্যবহার রোধে নৈশ অভিযানের মাধ্যমে ইজিবাইক চার্জ স্টেশনে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণসহ কঠোর নজরদারী কার্যক্রম চলমান রাখতে হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। (৫) জেল সুপার, মাদারীপুর বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী যাদের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয় সেসব কয়েদিদের জন্য বিভিন্ন ধরনের কর্মশালা বা প্রশিক্ষণের আয়োজন করা হয়। সেখানে তাদের বুটিক, প্লাস্টারিং, ইলেকট্রিশিয়ান ইত্যাদি কাজ শেখানো হয় মর্মে সভায় অবহিত করেন। (৬) উপজেলা নির্বাহী অফিসার, রাউজের, মাদারীপুর জানান, মাদক, মানব পচার, অবৈধভাবে বালু উত্তোলন ও রাল্যবিবাহ বন্ধে কঠোর নজরদারীসহ সচেতনতামূলক প্রচার প্রচারণার কার্যক্রম চলমান রয়েছে।	(২) চায়না দুয়ারি ও কারেন্ট জালের মাধ্যমে দেশীয় প্রজাতির মৎস্য বিনষ্ট না করতে পারে সেজন্য কঠোর নজরদারীসহ নিয়মিত অভিযান ও মামলা দায়ের চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (৩) মাদারীপুর সদর ২৫০ শয্যা হাসপাতালে জনবল সংকট নিরসনে ও শতভাগ সেবা নিশ্চিত করণের বিষয়ে এবং ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি না পেতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৪) মাঠপর্যায়ে কর্মরত বিদ্যুৎ বিভাগের কর্মচারীগণের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও বিদ্যুৎতের অপব্যবহার রোধে নৈশ অভিযানের মাধ্যমে ইজিবাইক চার্জ স্টেশনে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (৫) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী কারাদণ্ড প্রাপ্ত কয়েদিদের জন্য বুটিক, প্লাস্টারিং, ইলেকট্রিশিয়ান ইত্যাদি কর্মশালা বা প্রশিক্ষণ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও জেলে তাদের যথাযথ কাউন্সিলিং এর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (৬) মাদক, মানব পচার, অবৈধভাবে বালু উত্তোলন ও রাল্যবিবাহ বন্ধে কঠোর নজরদারীসহ সচেতনতামূলক প্রচার প্রচারণার আরও ত্বরান্বিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর ৭। উপপরিচালক, এনএসআই, মাদারীপুর ৮। অধিনায়ক, র্যাব-৮, মাদারীপুর ক্যাম্প, মাদারীপুর ৯। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর ১০। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর ১১। বিজ্ঞ পিপি, মাদারীপুর ১২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, অধিদপ্তর, মাদারীপুর ১৩। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর ১৪। নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো, মাদারীপুর ১৫। জেনারেল ম্যানেজার পল্লীবিদ্যুৎ সমিতি, মাদারীপুর ১৬। পুলিশ সুপার, নৌ পুলিশ, ফরিদপুর অঞ্চল ১৭। জেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		(৭) উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর জানান, কিশোর গ্যাং ও যুব সমাজের মধ্যে হেলমেট পরিধান না করে রেজিস্ট্রেশন বিহীন মোটরসাইকেল চালানোর প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ডাইভিং লাইসেন্সবিহীন মোটরসাইকেল যেন ক্রয় বিক্রয় না হয় সে বিষয়ে বিআরটিএ-এর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে নিয়মিতি মামলা ও অভিযান চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। (৮) মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ বলেন, শিবচর বাজারের মোড়ে এলোমেলো ভাবে গাড়ি পার্কিং করায় যানজট বৃদ্ধি পাচ্ছে। যানজট নিরসনে জেলা পুলিশ কর্তৃক ট্রাফিক পুলিশ মোতায়েন জন্য পুলিশ সুপার এর দৃষ্টি আকর্ষণ করেন। মাদকাসক্ত আসামীরা যাতে দ্রুত জমিন না পেতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে অভিযত ব্যস্ত করেন। এছাড়াও বর্তমানে অনলাইন জুয়াতে যুব সমাজ আসক্ত থাকায় চুরি, ছিনতাই, ডাকাতি ও চাঁদাবাজি বৃদ্ধি পাচ্ছে মর্মে অভিযত ব্যস্ত করেন। এ বিষয়ে সচেতন সমাজসহ সকলের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একত্রে কাজ করার আহবান জানান। (৯) মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২, মাদক, ভূমিদস্য, অবৈধ বালু উত্তোলন, চাঁদাবাজি, কিশোর গ্যাং ও মানব পাচার রোধে সকলের সমন্বয়ে এলাকা ভিত্তিক নিয়মিত কাউন্সিলিং ও প্রতিরোধমূলক সভা করার নির্দেশনা প্রদান করেন। এলাকা ভিত্তিক কোন সমস্যা বা দুর্ঘটনা দেখা দিলে ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ সম্মিলিতভাবে জবাবদিহিতার সাথে দ্রুত সমাধান করার বিষয়ে সভায় অবহিত করেন। (১০) পুলিশ সুপার, মাদারীপুর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে তাদের পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কিশোর গ্যাং, চুরি, ছিনতাই, মানবপাচার এবং মাদকের বিরুদ্ধে বিশেষ অভিযান অব্যাহত আছে মর্মে সভায় অবহিত করেন। অবৈধভাবে বালু উত্তোলন রোধে স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন, মানব পাচার রোধে জেলা পুলিশের 'মানব পাচার প্রতিরোধ সেল' নামক একটি পৃথক সেল রয়েছে যেখানে মানব পাচারকারীর বিরুদ্ধে অভিযোগ গ্রহণের মাধ্যমে তদন্তপূর্বক মামলা পরিচালনা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিট পুলিশিং এর মাধ্যমে মানব পাচার রোধে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। অপরাধ প্রবণ এলাকাগুলো সিসি টিভি ক্যামেরার আওতাভুক্ত করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	(৭) ডাইভিং লাইসেন্সবিহীন ও হেলমেটবিহীন মোটরসাইকেল চালাতে না পারে সে বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৮) শিবচর বাজারের মোড়ে এলোমেলো ভাবে গাড়ি পার্কিং বন্ধসহ যানজট নিরসনে ট্রাফিক পুলিশ মোতায়েন সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও অনলাইন জুয়াতে যুব সমাজকে আসক্ত করতে না পারে সে বিষয়ে সকলকে সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (৯) মাদক, ভূমিদস্য, অবৈধ বালু উত্তোলন, চাঁদাবাজি, কিশোর গ্যাং ও মানব পাচার রোধে এলাকা ভিত্তিক নিয়মিত কাউন্সিলিং ও প্রতিরোধমূলক সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (১০) কিশোর গ্যাং, চুরি, ছিনতাই, মানবপাচার এবং মাদকের বিরুদ্ধে বিশেষ অভিযান অব্যাহত আছে। এছাড়াও মানব পাচার রোধে জেলা পুলিশের 'মানব পাচার প্রতিরোধ সেল' নামক যে সেল রয়েছে সেটির কার্যক্রম আরও ত্বরান্বিত ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	

নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		(১১) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর, ডেপু প্রতিরোধে সকল দপ্তর প্রধানদের যার যার অবস্থান থেকে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে ডেপু প্রতিরোধমূলক কার্যক্রম চালিয়ে যাওয়ার পরামর্শ প্রদান করেন। কারেন্ট জালের ব্যবহারে দেশীয় প্রজাতির মাছ যাতে বিনষ্ট না হয়ে যায় সে বিষয়ে মৎস্য কর্মকর্তাকে কঠোর নজরদারী রাখার নির্দেশনা দেন। অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (ভূমি) সকলকে নিয়মিত অভিযানসহ কঠোর নজরদারী রাখার নির্দেশনা প্রদান করেন এবং অবৈধ বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে নিয়মিত মামলার সংখ্যা বৃদ্ধির ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। জেলা সদর হাসপাতালে রোগীদের শতভাগ সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে ডাবল ফেজ বৈদ্যুতিক লাইন চালু রাখার জন্য ওপোজাডিকোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। অত্র জেলার যেকোন স্থানে বাল্যবিবাহের ঘটনা ঘটলে তাত্ক্ষণিক উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। মা, শিশু ও মেয়েদের নিরাপত্তার জন্য স্কুল ভিত্তিক সচেতনতামূলক সেমিনার আয়োজন করার জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে পরামর্শ প্রদান করেন। মাদকের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রচার প্রচারণাসহ লিফলেট বিতরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। অবৈধ অস্ত্র যাতে কোন ভাবে এ জেলায় প্রবেশ করতে না পারে সে বিষয়ে বিভিন্ন গোয়েন্দা সংস্থা, পুলিশ বিভাগসহ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাদের কঠোর নজরদারী রাখার বিষয়ে আহবান জানান।	(১১) ডেপু প্রতিরোধে সকল দপ্তর প্রধানদের যার যার অবস্থান থেকে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে ডেপু প্রতিরোধমূলক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। কারেন্ট জালের মাধ্যমে দেশীয় মাছ বিনষ্ট করতে না পারে সে বিষয়ে প্রতিটি উপজেলায় কঠোর নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। অবৈধভাবে বালু উত্তোলনে বন্ধে উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (ভূমি) সকলকে নিয়মিত অভিযানসহ কঠোর নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশনকে জেলা আইন-শৃঙ্খলা কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। মাদকের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ মাদকের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রচার প্রচারণা জন্য লিফলেট বিতরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও অবৈধ অস্ত্র যাতে কোন ভাবে এ জেলায় প্রবেশ করতে না পারে সে বিষয়ে কঠোর নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	
৯.	বিবিধ আলোচনা	(১) উপজেলা পর্যায়ে প্রতি মাসে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক চোরাচালান প্রতিরোধে টার্কফোর্স অভিযান পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। (২) আগামীতে সকলের সার্বিক সহযোগিতায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে শান্তিপূর্ণ অবস্থায় রাখা যায় সে বিষয়ে বিশদ আলোচনা করা হয়।	(১) উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং জেলা পর্যায়ে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক প্রতি মাসে চোরাচালান প্রতিরোধে টার্কফোর্স অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) পুলিশ সুপার, মাদারীপুর (২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর

সভায় অন্য কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানানো হয় এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মজিনা আক্তার
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর
dcmadaripur@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. পুলিশ সুপার, মাদারীপুর।
৬. সিভিল সার্জন, মাদারীপুর।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক, (সকল) মাদারীপুর।
৮. প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর, মাদারীপুর।
৯. উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর/ডাসার, মাদারীপুর ও সভাপতি, সংশ্লিষ্ট উপজেলা আইন শৃঙ্খলা কমিটি।
১০. প্রশাসক, মাদারীপুর পৌরসভা/শিবচর পৌরসভা/কালকিনি পৌরসভা/রাজৈর পৌরসভা, মাদারীপুর।
১১. কোম্পানী কমান্ডার, এসআরবি-৮, মাদারীপুর।
১২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর।
১৩. যুগ্মপরিচালক, এনএসআই, মাদারীপুর।
১৪. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মাদারীপুর।
১৫. অধ্যক্ষ, মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর/সরকারি সুফিয়া মহিলা কলেজ, মাদারীপুর।
১৬. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর।
১৭. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর (পিপি), মাদারীপুর।
১৮. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর।
১৯. জেল সুপার, জেলা কারাগার, মাদারীপুর।
২০. সহকারী পরিচালক, বিআরটিএ, মাদারীপুর।
২১. সভাপতি, জেলা বার এসোসিয়েশন, মাদারীপুর।
২২. সভাপতি, চেম্বার অব কমার্স, মাদারীপুর।
২৩. সভাপতি, বণিক সমিতি, মাদারীপুর।
২৪. সভাপতি, প্রেস ক্লাব, মাদারীপুর।
২৫. জনাব ----- মাদারীপুর।
২৬. অফিস কপি।

১৩/০৯/২৬

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

ও

সদস্য সচিব

জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর

২৪